



## মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল

[www.barisalboard.gov.bd](http://www.barisalboard.gov.bd)



স্মারক নং-বশিবো/মাধ্য/পনি/২০২১/৪৪২

তারিখঃ ২৯/১২/২০২১ খ্রি.

### ২০২১ সালের এসএসসি পরীক্ষার ফলাফল প্রকাশের বিজ্ঞপ্তি

সূত্র: আন্তঃ শিক্ষাবোর্ড পরীক্ষা নিয়ন্ত্রক কমিটির ২৮-১২-২০২১ তারিখের আশিবো/প্রশা/২০১০/১২৭ নং স্মারক পত্র

এতদ্বারা সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২১ সালের এসএসসি পরীক্ষার ফলাফল আগামী ৩০শে ডিসেম্বর ২০২১ তারিখ বৃহস্পতিবার সকাল ১০.০০ টায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী ফলাফল ঘোষণার পর প্রকাশ করা হবে।

কোভিড-১৯ জনিত পরিস্থিতিতে এ বছর এসএসসি পরীক্ষা-২০২১ এর ফলাফল প্রকাশিত হতে যাচ্ছে। এই মহামারীকালে সংশ্লিষ্ট সকলকে বিশ্ব স্বাস্থ্য সংস্থার(WHO)নির্দেশনার আলোকে নিম্নোক্ত নির্দেশনাবলী মেনে ফলাফল সংগ্রহ করতে হবে।

ফলাফল প্রকাশের দিন স্বাস্থ্যঝুঁকির কারণে পরীক্ষার্থীদেরকে কোন অবস্থাতেই কেন্দ্রে অথবা শিক্ষা প্রতিষ্ঠানে জমায়েত করানো/জমায়েত হতে দেওয়া যাবে না।

নিম্নোক্ত পদ্ধতিতে বিদ্যালয় ও পরীক্ষাকেন্দ্র তাদের ফলাফল download করতে পারবে।

#### \*বিদ্যালয়ের জন্য:

[www.barisalboard.gov.bd/admincp](http://www.barisalboard.gov.bd/admincp) এই ঠিকানায় গিয়ে login অপশনে EIIN এবং password (বিদ্যালয়ের password) ব্যবহার করুন। Result মেনুবারে ক্লিক করার পরে SSC -2021 Result এ ক্লিক করুন। সংশ্লিষ্ট বিদ্যালয়ের ফলাফল দেখতে পাবেন।

#### \*পরীক্ষা কেন্দ্রের জন্য:

প্রথমে [www.barisalboard.gov.bd](http://www.barisalboard.gov.bd) এই ঠিকানায় গিয়ে ডানপাশে SSC-2021 Centre Panel অপশনে login > কেন্দ্রকোড, password দিয়ে (যে password দিয়ে SSC পরীক্ষার তথ্য পাঠানো হয়েছে সে password ব্যবহার করুন) সংশ্লিষ্ট কেন্দ্রের ফলাফল দেখতে পাবেন।

\* [www.educationboardresults.gov.bd](http://www.educationboardresults.gov.bd) এর মাধ্যমে অনলাইনে রেজাল্ট দেখা যাবে।

\* পরীক্ষার্থীর বিস্তারিত ফলাফল বরিশাল শিক্ষাবোর্ডের [www.barisalboard.gov.bd](http://www.barisalboard.gov.bd) ওয়েবসাইটে পাওয়া যাবে।

\* পরীক্ষার্থীরা এস এমএস এর মাধ্যমে প্রি-রেজিস্ট্রেশন করে ফলাফল জানতে পারবে।

প্রি-রেজিস্ট্রেশন করার নিয়ম (ফল প্রকাশের পূর্বে):

যে কোন অপারেটরের মোবাইল ফোনের মেসেজ অপশনে গিয়ে-


SSC <> Board name(First 3 Letter) <>Roll <>Year টাইপ করে 16222 নম্বরে পাঠাতে হবে।

যেমন: বরিশাল শিক্ষাবোর্ডের জন্য- SSC<> Bar <> Roll <> 2021 Send to 16222

\*ফলাফল প্রকাশের সাথে সাথেই প্রি-রেজিস্ট্রেশনকৃত পরীক্ষার্থীদের মোবাইল নম্বরে তাদের ফলাফল পৌঁছে যাবে। এছাড়াও বরিশাল শিক্ষাবোর্ডের ওয়েবসাইট হতে এবং এসএমএস এর মাধ্যমে পরীক্ষার্থীরা বেলা ১২.০০টায় ফলাফল জানতে পারবে।

\*পুণ: নিরীক্ষনের জন্য SMS এর মাধ্যমে ৩১/১২/২০২১ তারিখ থেকে ০৬/০১/২০২২ তারিখ পর্যন্ত আবেদন করা যাবে।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

  
২৯.১২.২০২১

অরুন কুমার গাইন

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল

ফোন অফিসঃ ০৪৩১-৬৪০৮৫

মেইল [barisalboard@gmail.com](mailto:barisalboard@gmail.com)

কেন্দ্র সচিব/প্রতিষ্ঠান প্রধান

বরিশাল শিক্ষা বোর্ডের আওতাধীন সকল কেন্দ্র ও শিক্ষা প্রতিষ্ঠান